

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৮৪২

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যেই হাদীস অনভিজ্ঞ ব্যক্তিকে এই সংশয়ে ফেলে দেয় যে, সূর্য গ্রহণের সালাতে হয়তো কিরা'আত জোরে পড়তে হয় না

ذِكْنُ خَبَرٍ قَدْ يُوهِمُ عَالِمًا مِنَ النَّاسِ أَنَّ صَلَاةَ الْكُسُوفِ لَا يُجهر فِيهَا بِالْقِرَاءَةِ

আরবী

2842 _ أَخْبُرَنَا عُمَرُ بُنُ سَعِيدِ بْنِ سِنَانٍ قَالَ: أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ أَبِي بَكْرٍ عَنْ مَالِك عَنْ زَيْدِ بْنِ أَسْلَمَ عَنْ عَطَاءِ بْنِ يَسَارٍ عَنِ ابْنِ عَبَّاسٍ أَنَّهُ قَالَ: خَسَفَتِ الشَّمْسُ عَلَى عَهْدِ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَالنَّاسُ مَعَهُ وَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَالنَّاسُ مَعَهُ فَقَامَ طَوِيلًا نَحْوًا مِنْ سُورَةِ الْبَقَرَةِ ثُمَّ رَكَعَ رُكُوعًا طَوِيلًا ثُمَّ رَفَعَ فَقَامَ طَوِيلًا وَهُو دُونَ الوَّيَامِ الأَوْلِ ثَمَّ وَلَمَ عَلَيْهِ وَسَلَّمَ وَالنَّاسُ مَعَهُ الْقِيلَا وَهُو دُونَ الرُّكُوعِ الْأَوْلِ ثُمَّ سَجَدَ ثُمَّ قَامَ قِيلَا وَهُو دُونَ الرُّكُوعِ الْأَوْلِ ثُمَّ سَجَدَ ثُمَّ انْصَرَفَ وَقَد دُونَ الْقِيلَا وَهُو دُونَ الرُّكُوعِ الْأَوْلِ ثُمَّ سَجَدَ ثُمَّ انْصَرَفَ وَقَد دُونَ الْقِيلَا وَهُو دُونَ الرُّكُوعِ الْأَوْلِ ثُمَّ سَجَدَ ثُمَّ انْصَرَفَ وَقَد دُونَ الْقِيلَا وَهُو دُونَ الرَّكُوعِ الْأَوْلِ ثُمَّ سَجَدَ ثُمَّ الْمَعْرَفَ وَقَد دُونَ الْقِيلَا وَهُو دُونَ الرُّكُوعِ الْأَوْلِ ثُمَّ سَجَدَ ثُمَّ الْمَوْلَ الْمَعْرَفَ وَقَد لَوْنَ الْقِيلَا وَهُو وَرَكَعَ رُكُوعًا طَوِيلًا وَهُو دُونَ الرُّكُوعِ الْأَوْلِ ثُمَّ سَجَدَ ثُمَّ الْمَولِ اللَّهِ لَأَيْولُو ثُمَّ سَجَدَ ثُمَّ الْمَولِ اللَّهِ رَأَيْنَاكُ تَنَاوَلْتَ شَيْئًا فِي عَلَيْ اللَّهُ مَنْهُ مَا بَقِيَتِ الدُّنِي وَلَي السَّهُ اللَّهِ رَأَيْنَاكُ تَنَاوَلْتَ مَنْكُ وَلِ اللَّهِ رَأَيْنَاكُ تَنَاوَلْتَ مَنْكُ وَلَ اللَّهِ رَأَيْنَاكُ اللَّهُ مَا اللَّهِ وَاللَّهُ وَلَا اللَّهُ وَلَا اللَّهُ وَلَوْلَ اللَّهُ وَلَوْ اللَّهُ مَا اللَّهُ وَلَا اللَّهُ وَلَا اللَّهُ وَلَا اللَّهُ وَلَا اللَّهُ وَلَا اللَّهُ وَلَالْمَ الْمَالِلَةِ وَلَا اللَّهُ عَلَى اللَّهُ وَلَا اللَّهُ وَلَا لَمُولُ اللَّهُ وَلَوْ اللَّهُ مَا اللَّهُ وَلَا اللَّهُ وَلَاللَّهُ وَلَا اللَّهُ وَا اللَّهُ اللَّهُ وَا اللَّهُ اللَّهُ وَاللَّهُ وَاللَّهُ ال

الراوي: ابْن عَبَّاسٍ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2842 | خلاصة حكم المحدث: صحيح ـ ((جزء الكسوف))، ((صحيح أبي داود)) (1075): ق.



قَالَ أَبُو حَاتِمٍ - رَضِيَ اللَّهُ عَنْهُ : أَنْوَاعُ صَلَاةِ الْكُسُوفِ سَنَذْكُرُهَا فِيمَا بَعْدُ بِالتَّفْصِيلِ فِي الْقِسْمِ الْخَامِسِ فِي نَوْعِ الْأَفْعَالِ الَّتِي هِيَ مِنِ اخْتِلَافِ الْمُبَاحِ إِنَّ شَاءَ اللَّهُ ذَلِكَ ويسره.

বাংলা

২৮৪২. আব্দুল্লাহ বিন আব্বাস রাদ্বিয়াল্লাভ্ আনভ্মা থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লামের সময় সূর্য গ্রহণ লাগে। অতঃপর রাসূল সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লামের লামের নিয়ে সালাত আদায় করেন। অতঃপর তিনি সূরা বাকারার ন্যায় দীর্ঘ কিয়াম করেন। তারপর তিনি দীর্ঘ রুক্ 'করেন। তারপর তিনি রুক্ 'থেকে মাথা উত্তোলন করেন। তারপর দীর্ঘ কিয়াম করেন। তবে সেটা প্রথম কিয়াম অপেক্ষা কম। তারপর তিনি দীর্ঘ রুক্ 'করেন, তবে সেটা প্রথম রুক্ 'অপেক্ষা কম। তারপর তিনি সাজদা করেন। তারপর তিনি দীর্ঘ কিয়াম করেন, তবে সেটা প্রথম কিয়াম অপেক্ষা কম। তারপর দীর্ঘ রুক্ 'করেন, তবে সেটা প্রথম রুক্ 'অপেক্ষা কম। তারপর রুক্ 'থেকে মাথা উত্তোলন করেন। অতঃপর দীর্ঘ কিয়াম করেন, তবে সেটা প্রথম কিয়াম অপেক্ষা কম। তারপর দীর্ঘ রুক্ 'করেন, তবে সেটা প্রথম রুক্ 'অপেক্ষা কম। তারপর সাজদা করেন। তারপর সালাত শেষ করেন এমন অবস্থায় যে সূর্য পরিক্ষুট হয়ে গেছে। তখন তিনি বলেন, নিশ্চয়ই সূর্য ও চন্দ্র আল্লাহর নিদর্শনসমূহ হতে দুটি নিদর্শন, এগুলি কারো জীবিত থাকা বা মৃত্যুবরণ করার কারণে গ্রহণ লাগে না। কাজেই যেখন তোমরা আল্লাহর যিকির করো।"

সাহাবীগণ বললেন, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, আমরা আপনাকে দেখেছি যে, আপনি আপনার এই জায়গা থেকে কিছু গ্রহণ করছেন তারপর আমরা দেখি যে, আপনি পিছু সরে আসছেন!" জবাবে তিনি বলেন, "নিশ্চয়ই আমি জান্নাত দেখেছি। অথবা (রাবীর সন্দেহ তিনি বলেছেন) আমাকে জান্নাত দেখানো হয়েছে- অতঃপর আমি সেখান থেকে একটি থোকা (ফল) নিতে চাই। যদি আমি তা গ্রহণ করতাম, তবে দুনিয়া যতদিন বাকী থাকতো, ততদিন তোমরা তা খেতে পারতে। আর আমি জাহান্নামের আগুন দেখেছি। আমি আজকের মতো দৃশ্য আর কখনই দেখিনি। আমি দেখেছি জাহান্নামের অধিকাংশ অধিবাসী নারী!"

সাহাবীগণ আরজ করলেন, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, এর কারণ কী?" তিনি জবাবে বলেন, "তাদের কুফরীর কারণে।" তাঁকে বলা হলো, "তারা কি আল্লাহর সাথে কুফরী করে?" তিনি বলেন, "তারা স্বামীর নাফরমানী করে। তারা অনুগ্রহের অকৃতজ্ঞতা করে। যদি তাদের কারো প্রতি যুগ যুগ ধরে উত্তম আচরণ করো, অতঃপর সে যদি তোমার মাঝে (মন্দ) কিছু দেখতে পায়, তবে বলবে, "আমি তোমার মাঝে কখনোই কোন ভালো কিছু দেখিনি!"[1]

ফুটনোট

[1] মুয়াত্তা ইমাম মালিক: ১/১৮৬-১৮৭; মুসনাদ আহমাদ: ১/১৯৮; সহীহুল বুখারী: ১০৫২; সহীহ মুসলিম: ৯০৭; নাসাঈ: ৩/১৪৬-১৪৮; বাগাবী: ১১৪০; আবূ দাউদ: ১১৮৯; দারেমী: ১/৩৬০।



হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১০৭৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন